



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/2/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কে পাঁচটি নিশ্চিত কোভিড-19 ওমিক্রন ভ্যারিয়েন্ট কেস ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটে পাঁচটি নিশ্চিত কোভিড-19 ওমিক্রন ভ্যারিয়েন্ট কেস ঘোষণা করলেন। এখন পর্যন্ত দেখা গেছে যে, পাঁচটি কেস পরস্পর সম্পর্কিত নয় এবং SARS-CoV-2 ভাইরাসের সিকোয়েন্সিংয়ের মাধ্যমে তা নিশ্চিত করা হয়েছে। একটি কেস সাফোক কাউন্টিতে এবং এক্ষেত্রে ব্যক্তির দক্ষিণ আফ্রিকাতে ভ্রমণের ইতিহাস রয়েছে। ব্যক্তি বাড়ি ফেরার সময় লক্ষণহীন ছিলেন এবং ফেরার পর তার লক্ষণ দেখা দেয়। প্যান্ডেমিক রেসপন্স ল্যাবে (Pandemic Response Lab, PRL) করা সিকোয়েন্সিং ওমিক্রন ভ্যারিয়েন্টের উপস্থিতি নিশ্চিত করেছে। অন্য চারটি কেস নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের। কুইন্সের দুইটি কেস এবং ব্রুকলিনের একটি কেস নিশ্চিত করেছে PRL, এবং অন্য কেসটি নিশ্চিত করেছে নিউ ইয়র্ক সিটি পাবলিক হেলথ ল্যাব (New York City Public Health Lab), ব্যক্তি কোনো বরোর বাসিন্দা তা নির্ণীত হয়নি।

"ওমিক্রন ভ্যারিয়েন্টের আবির্ভাবের ব্যাপারে জানার পর থেকে আমি বলে আসছি এবং আজকেও বলেছি যে, নিউ ইয়র্ক স্টেটে তা সনাক্ত হওয়া কেবল সময়ের ব্যাপার," **গভর্নর হোকল বলেন।** "আমি মেয়র ডে ব্লাসিও এবং তার দলকে ওমিক্রন ভ্যারিয়েন্ট সনাক্ত করার প্রচেষ্টায় আমাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য এবং আমাদের যৌথ মহামারী প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও আমি সকল নিউ ইয়র্কবাসীকে জানাতে চাই যে আমরা এর জন্য প্রস্তুত আছি এবং আমাদের জাতীয়, স্টেট ও স্থানীয় পর্যায়ের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাওয়ার সময় আমরা নিউ ইয়র্কবাসীর সাথে উন্মুক্ত যোগাযোগ রাখবো। আমাদের কাছে থাকা টিকা ও বুস্টারের মতো প্রাণ বাঁচানোর সামগ্রীর কল্যাণে, আমাদের অস্ত্রাগারে ডেল্টা ও ওমিক্রন ভ্যারিয়েন্টসহ এই মহামারীর সাথে লড়াই করার হাতিয়ার রয়েছে। আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলছি নিজেদের এবং নিজেদের সম্প্রদায়গুলিকে নিরাপদ রাখার জন্য: টিকা নিন, বুস্টার নিন এবং একটি মাস্ক পরুন।"

স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেটের সাথে গভর্নর হোকলের সকালের ঘোষণার পর নিউ ইয়র্ক স্টেটের এই কেসগুলির ব্যাপারে জানা গেছে, ঘোষণায় বলা হয় যে নিউ ইয়র্ক সিটিতে জাবিটস সেন্টারে (Javits Center) সাম্প্রতিক একটি অ্যানিমে কনভেনশনে সময় কাটানোর পর মিনেসোটার এক বাসিন্দার ওমিক্রন ভ্যারিয়েন্ট সনাক্ত হয়েছে। গভর্নর ও স্বাস্থ্য কমিশনার

অংশগ্রহণকারী সকলকে কোভিড-19 পরীক্ষা করানোর তাগিদ প্রদান করেছেন। কেসগুলি কনভেনশনের সাথে সম্পর্কিত নয় এমন মনে করা হচ্ছে।

"যেমনটি আমি পূর্বেও গভর্নরের ব্রিফিংয়ে বলেছি, এই সময় নিউ ইয়র্কবাসীকে আমরা সবথেকে গুরুত্বপূর্ণ যেই পরামর্শ দিতে পারি তা হল টিকা নিন, আপনার টিকা নেওয়া হয়ে গেলে বুস্টার নিন এবং আপনার মাস্ক পড়ুন," স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন। "আমরা জনগণকে আতঙ্কিত না হতে অনুরোধ করছি, কারণ আমরা ভ্যারিয়েন্টটির ব্যাপারে আরো জানতে পারছি এবং তা সামলানোর জন্য প্রস্তুত আছি। পুরো নিউ ইয়র্ক স্টেটের ল্যাবসমূহে, যার মধ্যে রয়েছে বিশ্বের সুপরিচিত জনস্বাস্থ্য ল্যাব ওয়াডসওয়ার্থ সেন্টার (Wadsworth Center), ওমিক্রন ভ্যারিয়েন্ট সফট ও গবেষণা করার জন্য সিকোয়েন্সিং প্রচেষ্টা বৃদ্ধি করেছে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদানের জন্য আমাদের প্রধান জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে কাজ করে যাবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (New York State Department of Health) ওয়াডসওয়ার্থ সেন্টার ল্যাবরেটরি (Wadsworth Center Laboratory) পুরো স্টেট থেকে বাছাই করা কোভিড-19 ভাইরাস নমুনা সক্রিয়ভাবে [তত্ত্বাবধান](#) করা অব্যাহত রেখেছে, সিকুয়েন্স তুলনা করার জন্য এবং প্রচলিত ও ওমিক্রনসহ নতুন ভ্যারিয়েন্ট সনাক্ত করার জন্য। এছাড়াও ডিপার্টমেন্ট পাবলিক সিকুয়েন্স ডেটাবেজে জমাকৃত পুরো নিউ ইয়র্ক স্টেট ও যুক্তরাষ্ট্রের অন্যান্য অনেক সিকোয়েন্সিং ল্যাবরেটরির সকল ডেটা তত্ত্বাবধান করে, যা ভ্যারিয়েন্ট বিশ্লেষণের জন্য একটি বলিষ্ঠ ও সহযোগী নজরদারি প্রোগ্রামে অবদান রাখছে। ওয়াডসওয়ার্থ সেন্টার বর্তমানে দৈনিক আনুমানিক 100 ধারণক্ষমতা নিয়ে কোভিড-19 ভাইরাসের নমুনা সিকোয়েন্সিং করছে। পুরো স্টেট থেকে এলোমেলোভাবে নমুনা বাছাই করা হয় সকল ভৌগলিক এলাকায় নজরদারি প্রদান করার জন্য এবং ভাইরাসের সম্পূর্ণ সিকুয়েন্স ডেটা বিশ্লেষণ করার জন্য। বিশ্লেষণে অন্তর্ভুক্ত আছে মিউটেশনের মূল্যায়ন যা উদ্বেগের ভ্যারিয়েন্ট এবং আগ্রহের ভ্যারিয়েন্ট চিহ্নিত করে।

নিউ ইয়র্ক স্টেটে আমাদের ল্যাবরেটরিগুলি একই ধরনের কাজ করছে। ওয়াডসওয়ার্থের এবং অন্যান্য ল্যাবরেটরির এই ফলাফলগুলি পাবলিক ডেটাবেজে, [মূলত গ্লোবাল ইনিশিয়েটিভ ও শেয়ারিং এভিয়ান ইনফলুয়েঞ্জা ডেটা \(Global Initiative on Sharing Avian Influenza Data, GISAIID\)](#) এ আপলোড করা হবে। এই ডেটাবেজে থেকে, সকল অংশগ্রহণকারীর সিকুয়েন্স ডেটা ডাউনলোড করা যাবে এবং স্টেটব্যাপী ভাইরাস ট্রেন্ডের সম্পূর্ণ ছবির জন্য বিশ্লেষণ করা যাবে এবং এই বিশ্লেষণ থেকে সময়ের তুলনায় ভ্যারিয়েন্টসমূহের বিতরণ পাওয়া যাবে। স্টেট তাদের [কোভিড-19 ভ্যারিয়েন্ট পেজে](#) সকল নিউ ইয়র্কবাসীর জন্য এই ডেটা উপলভ্য করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418